

দে পড়ে দে আমায় তোরা কী কথা আজ লিখেছে সে ।
তার দূরের বাণীর পরশমানিক লাগুক আমার প্রাণে এসে ॥
শস্যখেতের গন্ধখানি একলা ঘরে দিক সে আনি,
ক্লান্তগমন পান্থহাওয়া লাগুক আমার মুক্ত কেশে ॥
নীল আকাশের সুরটি নিয়ে বাজাক আমার বিজন মনে,
ধূসর পথের উদাস বরন মেলুক আমার বাতায়নে ।
সূর্য ডোবার রাঙা বেলায় ছড়াব প্রাণ রঙের খেলায়,
আপন-মনে চোখের কোণে অক্ষ-আভাস উঠবে ভেসে ॥

Parjaay: Prem, Taal: Dadra, Style: Kirtan

Visit www.geetabitan.com for notation and other detail